রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মে ১৩, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/১৩ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং-১০০-আইন/২০২৬।**—বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮ (২০১৮ সনের ৭১ নং আইন) এর ধারা ৩২ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল বিধিমালা, ২০২৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩২ এর উপ-বিধি (২) এর "কলাম (১) এ উল্লিখিত ধরনভিত্তিক রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার" শব্দসমূহের পর উল্লিখিত নিম্নবর্ণিত শব্দসমূহ, বন্ধনীসমূহ ও চিহ্নসমূহ বিলুপ্ত হইবে, যথা:—

> "অর্থাৎ রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (ফিজিওথেরাপি), রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (অকুপেশনাল থেরাপি), রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (স্পীচ থেরাপি/স্পীচ ও ল্যাঙ্গুয়েজ থেরাপি), রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার [সাইকোলজি (ক্লিনিক্যাল)], রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার [সাইকোলজি (কাউন্সেলিং)], রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার [সাইকোলজি (এডুকেশন)], রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার [সাইকোলজি (ডেভেলপমেন্ট)], রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার [সাইকোলজি (স্কুল)], রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (পুষ্টি), রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (নিউট্রিশন), রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (স্পেশাল এডুকেশন) বা রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (ক্লিনিক্যাল সোশাল ওয়ার্ক)"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবু ইউছুফ**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০